# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 28-01-2025** **Time: 7-35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হচ্ছে ১০ ই ফেব্রুয়ারি।

২) রাজ্য মন্ত্রিসভা বিভিন্ন দপ্তরের ৬০টি শূন্য পদে স্থায়ী ও পরিবহন দপ্তরে ৮৮১ জন চুক্তিভিত্তিক কর্মী নিয়োগের সিদ্ধান্ত নিয়েছে।

সীমান্ত এলাকায় সুরক্ষা বাড়াতে একটি আউটপোস্ট তৈরির জন্য করিমপুরে বিএসএফ-কে প্রায় এক একর জমি দেওয়ার প্রস্তাবও মন্ত্রিসভা গৃহীত বৈঠকে।

৩) গ্রামোন্নয়ন খাতে চলতি আর্থিক বছরের জন্য রাজ্য সরকার পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ টাকার দ্বিতীয় কিস্তি পেতে চলেছে।

৪) রাজ্য সরকার বীরভূমের দেউচা পাচামী খনিতে কয়লা উত্তোলনের প্রাক পর্বের কাজ শুরু করেছে।

৫) এসএসসি-র ২৬ হাজার চাকরি বাতিল মামলায় সুপ্রিম কোর্টের শুনানিতে কোনও মীমাংসা হয়নি। পরবর্তী শুনানি ১০-ই ফেব্রুয়ারী।

৬) ৪৮ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ  শুরু হচ্ছে। এবারের থিম কান্ট্রি জার্মানি।

৭) যুবভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল ফুটবলে মোহনবাগান গতকাল ১-০ গোলে বেঙ্গালুরু এফসিকে হারিয়ে দিয়েছে।

---------------------------------------------------------------------------------------

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হচ্ছে আগামী ১০ই ফেব্রুয়ারি। প্রথমদিন শোক প্রস্তাব গ্রহণের পর অধিবেশন দিনের মতো মুলতুবি হয়ে যাবে। সপ্তাহখানেক এই অধিবেশন চলবে বলে পরিষদীয় দফতর সূত্রে জানা গেছে। তবে, আগামী আর্থিক বছরের জন্য বাজেট পেশের দিনক্ষণ এখনও চূড়ান্ত হয়নি।

-----------------------------

রাজ্য মন্ত্রিসভা বিভিন্ন দপ্তরের ৬০টি শূন্য পদে স্থায়ী নিয়োগের প্রস্তাব অনুমোদন করেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে স্বরাষ্ট্র ও পার্বত্য, বিচার বিভাগীয়, নারী ও শিশু সুরক্ষা দপ্তরে এই নিয়োগ হবে বলে মন্ত্রিসভার বৈঠকে গতকাল সিদ্ধান্ত গৃহীত হয়। একইসঙ্গে পরিবহন দপ্তরের ৮৮১ জন চুক্তিভিত্তিক কর্মী নিয়োগেরও সিদ্ধান্ত হয়েছে। বাসচালক এবং কন্ডাক্টর পদে এই চুক্তিভিত্তিক কর্মীরা কাজ করবেন।

সম্প্রতি মুখ্যমন্ত্রী, অফিস ছুটির সময় শহরের রাস্তায় বাসের সংখ্যা বাড়ানোর নির্দেশ দেন। পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তীকে পরিবহন সংক্রান্ত সমস্যা খতিয়ে দেখারও নির্দেশ দিয়েছিলেন তিনি। সেই সময় চালক ও কনডাকটারের অভাব রয়েছে বলে জানা যায়। তার প্রেক্ষিতেই এই নিয়োগের সিদ্ধান্ত।

মন্ত্রিসভার বৈঠকে এও স্থির হয়েছে, সন্তোষ ট্রফি জয়ী বাংলার ফুটবলারদের সরকার, রাজ্য পুলিশে চাকরির যে নিয়োগপত্র তুলে দেয়, তাদের মধ্যে কয়েকজন শারীরিক মাপজোকের নূন্যতম শর্ত পূরণ না করায় এক্ষেত্রে ছাড় দেওয়া হবে। আগামী

৫ ও ৬ ই ফেব্রুয়ারী বিশ্ববঙ্গ বানিজ্য সম্মেলনের জন্যে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে পারস্পরিক সহযোগিতা ও সমন্বয়ের ভিত্তিতে কাজ করার জন্যে মুখ্যমন্ত্রী বৈঠকে নির্দেশ দিয়েছেন।

-----------------------------

রাজ্য পুলিশের বিশেষ টাস্ক ফোর্স - এসটিএফ এবার নিজস্ব থানা পেল। মন্ত্রিসভার বৈঠকে গতকাল স্বরাষ্ট্র দপ্তরের এই প্রস্তাব অনুমোদিত হয়। নবান্ন সূত্রে জানা গেছে, নিউ টাউন এবং শিলিগুড়িতে রাজ্য পুলিশের এস টি এফ এর জন্য এই থানা তৈরি করা হবে। তবে এই দুটির জন্য এখনই আলাদা করে কোনো নিয়োগ করা হবে না।

উল্লেখ্য, নতুন থানার তৈরি হবার ফলে এবার থেকে আর এস টি এফ অভিযানে স্থানীয় থানার ওপর নির্ভর করে থাকতে হবে না। নিজেরাই নিজেদের থানায় এফআইআর করে প্রয়োজনীয় আইনি পদক্ষেপ নিতে পারবে।

বর্তমানে রাজ্য পুলিশের এস টি এফ এর দায়িত্ব রয়েছেন আইপিএস আধিকারিক বিনীত গোয়েল।

-----------------------------

সীমান্ত এলাকায় সুরক্ষা আরও বাড়াতে রাজ্য সরকার একটি আউটপোস্ট তৈরির জন্যে সীমান্ত সুরক্ষা বাহিনী বিএসএফ-কে জমি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে গতকাল এই মর্মে একটি প্রস্তাব গৃহীত হয়। এজন্য নদীয়ার করিমপুরে বিএসএফ-কে প্রায় এক একর জমি দেওয়া হবে। বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে রাজ্য সরকারের এই সিদ্ধান্ত যথেষ্ট তাৎপর্যপূর্ন বলেই মনে করা হচ্ছে।

-----------------------------

ভারত-বাংলাদেশ সীমান্তে নদীয়ার কৃষ্ণগঞ্জের নাঘাটায় সম্প্রতি বাঙ্কার থেকে উদ্ধার করা 62 হাজার 200 বোতোল ফেনসিডিল গতকাল কৃষ্ণনগরের এন ডি পি এস স্পেশাল আদালতে পেশ করা হয়। স্পেশাল পাবলিক প্রসিকিউটর, কলকাতার নারকোটিক ব্যুরোরর সুবেদী সান্যাল এ নিয়ে আমাদের সংবাদদাতাকে জানালেন,

বাইট

-----------------------------

রাজ্য সরকার গ্রামোন্নয়ন খাতে চলতি আর্থিক বছরের জন্য পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ টাকার দ্বিতীয় কিস্তি পেতে চলেছে। প্রশাসনিক সূত্রে জানা গেছে এবাবদ রাজ্যকে আরো ৭৪০ কোটি টাকা দেওয়ার ব্যাপারে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রকের ছাড়পত্র মিলেছে।

উল্লেখ্য, পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ, শর্তাধীন এবং নিঃশর্ত তহবিল– এই দু ভাগে বিভক্ত। প্রথম কিস্তিতে শর্তাধীন ও নিঃশর্ত তহবিল মিলিয়ে প্রায় দেড় হাজার কোটি টাকা পেয়েছিল রাজ্য।

-----------------------------

বীরভূমের দেউচা পাচামি খনিতে কয়লা উত্তোলনের প্রাক পর্বের কাজ শুরু করেছে রাজ্য সরকার। নবান্ন সূত্রে জানা গিয়েছে, ব্লকের যেখানে খনন করে কয়লা উত্তোলন সম্ভব নয় সেই তিরিশ শতাংশ এলাকায় গ্যাসীকরনের মাধ্যমে ভূগর্ভস্থ কয়লার পরিমান জানতে অনুসন্ধানের কাজ শুরু হয়েছে ।

অন্যদিকে রাজ্য পাওয়ার ডেভলপমেন্ট কর্পোরেশনের তত্ত্বধানে দ্য মাইনিং ডেভলপমেন্ট অ্যান্ড অপারেটর আগামী মাসের প্রথম সপ্তাহেই ব্লকের বাকি অংশে প্রাথমিকভাবে খননের কাজ শুরু করবে।

পরিকল্পনা অনুযায়ী ভূগর্ভস্থ কয়লার তিরিশ শতাংশ ওপেন কাস্ট মাইনিং, চল্লিশ শতাংশ ভূগর্ভস্থ খনন ও বাকি তিরিশ শতাংশ গ্যাসীকরনের মাধ্যমে উত্তোলন করার কথা।

উল্লেখ্য ২০১৮ সালে রাজ্যের হাতে আসা এই খনিতে এক লক্ষ ২০০ মিলিয়ন মেট্রিক টন কয়লা রয়েছে বলে অনুমান।

প্রকল্পের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তী ও রাজ্য পুলিশের মহানির্দেশক রাজীব কুমার সম্প্রতি দেউচা পাচামি কয়লা খনি এলাকা পরিদর্শন করেন।

----------------------------

এসএসসির ২৬ হাজার চাকরি বাতিলের মামলায় সুপ্রিম কোর্টের গতকালের শুনানিতে কোন মীমাংসা হয়নি। পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে ১০-ই ফেব্রুয়ারী। প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের ডিভিশন বেঞ্চে প্রায় ২ ঘণ্টা ধরে এই শুনানি চলে।

প্রধান বিচারপতি, নতুন করে পরীক্ষা নেওয়া সম্ভব কিনা, সেই কথা জানতে চান। মূল মামলাকারীদের হয়ে সওয়াল করে আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য জানান, অনেকে আবেদন না করেও চাকরি পেয়েছেন। সেক্ষেত্রে যারা চাকরির আবেদন করেছিলেন, তাদের আবার নতুন করে পরীক্ষা নেওয়া যেতে পারে।

ওএমআর সিটের নম্বর নিয়ম মেনে প্রকাশ করা হয়েছিল কিনা, প্রধান বিচারপতি তাও জানতে চান। জবাবে বিকাশরঞ্জন জানান, মামলা দায়েরের পর আদালতের নির্দেশে ওয়েমারশিট প্রকাশ করা হয়। কিন্তু ফল ঘোষণা অনেক আগেই করা হয়। তিনি গোটা প্যানেল বাতিলের পক্ষে সওয়াল করেন।

সওয়াল জবাবের পর ডিভিশন বেঞ্চ অভিমত প্রকাশ করে নতুনভাবে নিয়োগ করতে গেলে অনেক জটিলতা তৈরি হতে পারে ।

এস টি ই এ-র প্রতিনিধি শম্ভু মান্না পরে সাংবাদিকদের বলেন,

(বাইট - শম্ভু মান্না)

----------------------------

আরজি কর-কাণ্ডে দোষীর ফাঁসির দাবিতে রাজ্যের আর্জির এক্তিয়ার নিয়ে হাই কোর্টে করা মামলার শুনানি শেষ হয়েছে। নির্যাতিতার পরিবার অবশ্য জানিয়েছে, এই মামলায় তারা সঞ্জয়ের ফাঁসি চায় না।

দুই বিচারপতি দেবাংশু বসাক ও মহম্মদ শব্বর রসিদির ডিভিশন বেঞ্চে আজ ওই শুনানির শুরুর পরই রাজ্যের গ্রহণ যোগ্যতা নিয়ে প্রশ্ন তোলে সিবিআই। পাল্টা হিসেবে রাজ্যের তরফে বলা হয়, রাষ্ট্রের সাজা মুকুব করার অধিকার আছে। তাই রাজ্যেরও আদালতে আবেদন করার অধিকার রয়েছে। নির্যাতিতার পরিবারের তরফে আইনজীবী শামীম আহমেদ বলেন, রাজ্য এবং সিবিআই-এর আবেদন নিয়ে তাদের কোন বক্তব্য নেই, তবে তারা সর্বোচ্চ সাজা চান না। দুপক্ষের শুনানি শেষে বিচারক অবশ্য রায়দান স্থগিত রাখেন।

এদিকে শুনানিতে উপস্থিত ছিলেন নিহত চিকিৎসকের বাবা-মা। তাঁরা অভিযোগ করেন, রাজ্য বা সিবিআই কেউই মামলার বিষয়ে তাঁদেরকে কিছুই জানায়নি ।

আদালতের বাইরে নির্যাতিতার বাবা বলেন, তারা চান শুধু সঞ্জয় নয়, যারা যারা এই ঘটনার সঙ্গে জড়িত, তাদের সকলেরই নাম প্রকাশ্যে আসুক এবং সকলকেই চরম শাস্তি দেওয়া হোক। রাজ্য পুলিশ ও সিবিআই-এর ওপর তারা যে ভরসা রেখেছিলেন, তা পূরণ হয়নি বলেও তিনি দাবি করেন।

এদিকে, নির্যাতিতার বাবা মা এ নিয়ে রাজনীতি করছে বলে তৃণমূল কংগ্রেসের অভিযোগ।

বিজেপির পাল্টা দাবি প্রকৃত সত্য উদ্ঘাটনের জন্য সঞ্জয়ের সর্বোচ্চ শাস্তি আপাতত রদ হওয়া উচিত।

অন্যদিকে, কামদুনির ঘটনায় মুখ্যমন্ত্রী ফাঁসি না চাইলেও সঞ্জয়ের ফাঁসি নিয়ে এত আগ্রহী কেন, সেই নিয়ে প্রশ্ন তুলেছে সিপিআইএম।

-----------------------------

**৪৮ তম আন্তর্জাতিক কলকাতা বইমেলা আজ শুরু হচ্ছে । পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিকেলে সল্টলেকের বইমেলা প্রাঙ্গনে এর উদ্বোধন করবেন। মেলা চলবে ফেব্রুয়ারির ৯ তারিখ পর্যন্ত। একটি প্রতিবেদন,**

**ভয়েসকাস্ট**

-----------------------------

৪৮ তম কলকাতা আন্তর্জাতিক বইমেলায় উপলক্ষে যাত্রীদের সুবিধার্থে মেট্রোরেল আগামীকাল থেকে ৯ই ফেব্রুয়ারি রবিবার পর্যন্ত শিয়ালদা থেকে সেক্টর ফাইভের মধ্যে অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। রবিবার বাদে বইমেলার

দিনগুলিতে ১০৬ টির পরিবর্তে ১২২ টি ট্রেন চালানো হবে। দুপুর ২ টো ৫ থেকে রাত ৯ টা ১৫ মিনিট পর্যন্ত ঐ রুটে ১২ মিনিট অন্তর ট্রেন পরিষেবা পাওয়া যাবে।

আগামী দোসরা ও ৯ ফেব্রুয়ারি এই দুই রবিবার আপ ও ডাউন মিলিয়ে ৭৪ টি ট্রেন চলবে। এই সময় দুপুর ২ টো ১৫ মিনিট থেকে রাত ৯ টা ৪০ মিনিট পর্যন্ত মেট্রো চালু থাকবে।

এই উপলক্ষে বিশেষ বাসও চালানো হবে।

----------------------------

মধ্য কলকাতার সুরেন্দ্রনাথ কলেজের কাছে বৈঠকখানা রোডে পুলিশ গতকাল অস্ত্র সহ পাঁচজনকে গ্রেপ্তার করেছে। কলকাতা পুলিশের এস টি এফ গোপন খবরের ভিত্তিতে সেখানে একটি হোটেলে তল্লাশি চালিয়ে এদের হদিশ পায়। এরা প্রথমে পালাবার চেষ্টা করেছিল, কিন্তু এস টি এফ তাদের ধরে ফেলে। তাদের ব্যাগ থেকে উদ্ধার হয় দুটি আগ্নেয়াস্ত্র ও ১৫ রাউন্ড গুলি। ধৃতদের আজ আদালতে তোলা হবে। এরা উত্তরপ্রদেশের বাসিন্দা বলে জানা গেছে।

----------------------------

কলকাতার লেদার কমপ্লেক্স থানা এলাকায় ভোজেরহাটে গতরাতে দুষ্কৃতীদের গুলিতে এক ব্যক্তির আহত হওয়ার ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। পুলিশ জানিয়েছে, জাহির পুরোকায়েত নামে ঐ ব্যক্তি নিজের বাড়ির সামনেই বাইকে বসেছিলেন। সেই সময় দুই দষ্কৃতী বাইকে করে এসে পেছন থেকে গুলি করে পালায়। গুরুতর আহত অবস্থায় তার হাসপাতালে চিকিৎসা চলেছে। দুষ্কৃতীদের খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে।

----------------------------

যুব ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল আইএসএল ফুটবলে মোহনবাগান ১-০ গোলে বেঙ্গালুরু এফ সি, কে পরাজিত করেছে। ৭৪ মিনিটে লিষ্টন কোলাসো গোল করেছেন।

মোহনবাগান ১৮ ম্যাচে ৪০ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে আছে।বেঙ্গালুরু সমসংখ্যক ম্যাচে ২৮ পয়েন্ট পেয়ে তৃতীয় স্থানে রয়েছে।

-----------------------------

মাঘ মাসের মাঝামাঝিতেও রাজ্যে জাঁকিয়ে শীতের দেখা নেই। তবে রবিবার থেকে তাপমাত্রা কিছুটা নিম্নমুখী হওয়ায় কলকাতা সহ দক্ষিণবঙ্গের একাধিক জেলায় হাল্কা শীতের আমেজ অনুভূত হচ্ছে। তবে পশ্চিমী ঝঞ্ঝার জেরে আগামীকাল থেকে আবার তাপমাত্রা বাড়ার পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। সর্বনিম্ন তাপামাত্রা বেড়ে ১৯/২০ এবং সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছতে পারে। দপ্তরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন, ঝঞ্ঝা কেটে গেলে আগামী সপ্তাহে চৌঠা ফেব্রুয়ারি নাগাদ আবারও সর্বনিম্ন তাপমাত্রা ১৪ ডিগ্রির নীচে নেমে যেতে পারে।

-----------------------------

ক্রেতাদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মালদায় আজ শুরু হয়েছে ক্রেতা সুরক্ষা মেলা। রাজ্য উপভোক্তা বিষয়ক দপ্তরের উদ্যোগে স্বামী বিবেকানন্দ ক্রীড়াঙ্গনে ৩১ শে জানুয়ারি পর্যন্ত এই মেলা চলবে। এই উপলক্ষে আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, ক্যুইজ প্রতিযোগিতা, উপভোক্তার অভিজ্ঞতা বিনিময় সহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

-----------------------------   -----------------------------